

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
সহকারী পরিচালক (দাখিল ও এবতেদায়ী মাদরাসা)
www.dme.gov.bd

শিক্ষা নিয়ে
গড়ব দেশ,
শেখ হাসিনার
বাংলাদেশ

স্মারক নম্বর:

তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪২৪

৫৭.২৫.০০০০.০০৪.০২.০৬০.১৭.১৫৪

১৩ ডিসেম্বর ২০১৭

বিষয়: কুমড়ী নজরপুর বালিকা দাখিল মাদরাসায় নিয়োগ বোর্ডে মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধি মনোনয়ন

সূত্র: (১) শিক্ষা মন্ত্রণালয়ের শাখা-২৪(মাদরাসা-২) এর স্মারক নং-

শিম/শাখা-২৪/বিবিধ-০-৮/২০০৮(অংশ/২৭৪), তারিখ: ০৯.০৯.২০১৫ খ্রি:।

(২) কুমড়ী নজরপুর বালিকা দাখিল মাদরাসা এর আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানা নো যাচ্ছে যে, বিষয় শিরোনামে উল্লেখিত

মাদরাসার সুপার কর্তৃক সূত্রোক্ত (২) নং স্মারক মূলে তাঁর মাদরাসায় নিম্নবর্ণিত পদে নিয়োগের নিমিত্ত মহাপরিচালক (মাদরাসা শিক্ষা অধিদপ্তর) এর প্রতিনিধি মনোনয়নের জন্য আবেদন করা হয়েছে।

০২. উপরিউক্ত আবেদনের পরিপ্রেক্ষিতে সূত্রোক্ত (১) নং স্মারক মূলে মাদরাসা শিক্ষা অধিদপ্তরের উপর অর্পিত ক্ষমতা বলে নিম্নরূপে মহাপরিচালক এর প্রতিনিধি মনোনয়ন করা হলো:

ক্রমিক	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	নিয়োগের বিষয়/পদ	ডিজি মহোদয়ের প্রতিনিধি
০১	কুমড়ী নজরপুর বালিকা দাখিল মাদরাসা, উপজেলা: বানিয়াচং, জেলা: হবিগঞ্জ মোবাইল নং- ০১৭০৯৯০৬৯২২	সুপার ০১টি	জনাব মোঃ সাইফুল ইসলাম উপসহকারী পরিচালক (প্রশাসন) মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা। মোবাইল:-০১৭১৮-০১৯৪ ৯০

শর্তাবলী:

(১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০০৮.০৫-৯৪২ (অংশ) তারিখ: ১১.১১.২০১৫ খ্রি: এবং শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০০৮.০৫-১০৮১, তারিখ: ৩০.১২.২০১৫ খ্রি: এর নির্দেশনা যথাযথভাবে অনুসরণক্রমে নিয়োগ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করতে হবে।

(২) কোনভাবেই নিয়োগ সংক্রান্ত বর্তমানে বিদ্যমান সর্বশেষ নীতিমালা/বিধি/সার্কুলার এর ব্যত্যয় ঘটনো যাবে না।

(৩) শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ২৪ মার্চ ২০১৩ তারিখে জারীকৃত জনবল কাঠামো সংক্রান্ত সংশোধিত পরিপত্রের অনুচ্ছেদ ৬.৩ (গ) ও (ঘ) এবং প্রযোজ্য অন্যান্য অনুচ্ছেদ মোতাবেক প্যাটার্নভুক্ত শূন্যপদে শিক্ষক/কর্মচারী নিয়োগের জন্য সুপারিশ করতে হবে। এক্ষেত্রে প্রতিষ্ঠানের হালনাগাদ স্বীকৃতিপত্র/অধিভুক্তি, সর্বশেষে এমপিও শীট এবং শিক্ষক/কর্মচারীর তালিকা যাচাই করতে হবে। ২৪ মার্চ ২০১৩ তারিখের জনবল কাঠামো সংক্রান্ত নির্দেশিকার অননুমোদিত/অতিরিক্ত কোন পদে নিয়োগ/বাছাই পরীক্ষা গ্রহণে ডিজির প্রতিনিধি হিসাবে অংশ গ্রহণ করা যাবে না।

(৪) শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ২৪ মার্চ ২০১৩ তারিখে জারীকৃত জনবল কাঠামো সংক্রান্ত সংশোধিত পরিপত্রের অনুচ্ছেদ: ১১ (১) এবং পরিশিষ্ট মোতাবেক কাম্য শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা বিহীন প্রার্থীকে শিক্ষক/কর্মচারী হিসাবে নিয়োগের জন্য সুপারিশ করা যাবে না।

(৫) প্রতিষ্ঠানের হালনাগাদ স্বীকৃতি/অধিভুক্তি এবং নিয়মিত প্যাটার্নভুক্ত শূন্যপদে নিয়োগের জন্য সুপারিশ করা যাবে না।

শিক্ষক-কর্মচারী নিয়োগের সুপারিশ করা যাবে না।

(৬) শিক্ষক/কর্মচারী নিয়োগ সংক্রান্ত বাছাই পরীক্ষা সমন্বিত ফলাফল শীটে অবশ্যই ডিজির প্রতিনিধি হিসেবে মনোনীত কর্মকর্তার নাম, পদবী, আইডি নম্বর ও ঠিকানা সম্বলিত সীল ব্যবহার করে তারিখসহ স্বাক্ষর থাকতে হবে।

(৭) ২৪ মার্চ ২০১৩ তারিখে জারীকৃত জনবল কাঠামো সংক্রান্ত সংশোধিত পরিপত্রের পরবর্তী কোন সংশোধনী থাকলে তা যথাযথভাবে অনুসরণ করতে হবে এবং মামলা থাকলে সংশ্লিষ্ট পদে নিয়োগের সুপারিশ করা যাবে না।

(৮) মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা-

এর প্রতিনিধি হিসেবে উপরিউক্ত নির্দেশনাবলী পূর্ণানুপূর্ণরূপে প্রতিপালন ব্যতীত বেসরকারি মাদরাসায় শিক্ষক/কর্মচারী নিয়োগের সুপারিশ করা হলে শিক্ষা মন্ত্রণালয়ের ১৮/০৬/২০০৬ তারিখের নং শাঃ৪/মামলা/৮/২৩৩/২০০৬/১১৯১ পরিপত্র মোতাবেক মনোনীত প্রতিনিধির বিরুদ্ধে শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(৯) "নিয়োগযোগ্য পদটি/পদসমূহ এমপিওভুক্তির যোগ্য না হলে সংশ্লিষ্ট পদে নিয়োগপ্রাপ্ত শিক্ষক/কর্মচারীকে ১০০% বেতন-

ভাতা প্রতিষ্ঠান হতে প্রদান করা হবে" শর্তটি ডিজির প্রতিনিধি নিয়োগ পরীক্ষার ফলাফল শীটে এবং মাদরাসা কর্তৃপক্ষ নিয়োগ অনুমোদনের বেজুলেশন ও নিয়োগ পত্রে উল্লেখ করবেন।

১০. অত্র মনোনয়নপত্র ইস্যুর তারিখ থেকে ০২ (দুই) মাসের মধ্যে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

১১. অত্র দপ্তরের ভিন্ন কোন আদেশ না হলে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন না হওয়া অবধি অত্র প্রতিনিধি মনোনয়ন বহাল থাকবে।

১২. নিয়োগ সংক্রান্ত কার্য সম্পন্ন করার পর ০১ (এক) মাসের মধ্যে মাদরাসা কর্তৃপক্ষ

এবং ডিজির মনোনীত প্রতিনিধি এ সংক্রান্ত একটি প্রতিবেদন মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর বরাবর দাখিল করবেন।



১৩-১২-২০১৭

মোঃ বিল্লাল হোসেন

মহাপরিচালক

১) উপ-পরিচালক, উপ-পরিচালক (প্রশাসন) এর দপ্তর,

মাদরাসা শিক্ষা অধিদপ্তর

২) সুপার (ভারপ্রাপ্ত), কুমড়ী নজরপুর বালিকা দাখিল

মাদরাসা, বানিয়াচং, হবিগঞ্জ

স্মারক নম্বর:

৫৭.২৫.০০০০.০০০৪.০২.০৬০.১৭.১৫৪/১(৪)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

১) সচিব, সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

২) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, হবিগঞ্জ

৩) উপজেলা মাধ্যমিক অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, বানিয়াচং, হবিগঞ্জ

৪) সংরক্ষণ নথি, মাশিঅ

তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪২৪
১৩ ডিসেম্বর ২০১৭



১৩-১২-২০১৭

ড. মোঃ আঃ মান্নান মোল্লা

সহকারী পরিচালক